



লিবারেল পার্টি বাংলাদেশ
Liberal Party Bangladesh
www.liberalbd.org



তারিখ: ১০ /০৭ /২০০৭ইং

দুর্নীতিবাজ দমনে এখনি করনীয় :

১. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত রাজনীতিক আর আমলা সরকারে থেকেছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
২. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত সকল সংসদ সদস্যের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৩. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত সামরিক কর্মকর্তা যারা মেজর এবং তদুর্ধ্ব কর্মকর্তা হয়েছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৪. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত বেসামরিক কর্মকর্তা যারা উপ সচিব এবং তদুর্ধ্ব কর্মকর্তা হয়েছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৫. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত পুলিশ যারা ইন্সপেক্টর এবং তদুর্ধ্ব কর্মকর্তা হয়েছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৬. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত চিকিৎসক এবং প্রকৌশলী যাদের চাকুরী বা প্রাকটিস ১০ বছর হয়েছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৭. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত আইনজীবী যাদের চাকুরী বা প্রাকটিস ১০ বছর হয়েছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৮. স্বাধীনতার পর থেকে এই পর্যন্ত যত বেসামরিক কর্মকর্তা যাদের চাকুরী ১০ বছর হয়েছে এবং যাদের পদ ব্যবস্থাপক বা প্রযুক্তিবিদ বা তদুর্ধ্ব তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
৯. সকল ব্যবসায়ীর সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
১০. সকল বিচার বিভাগীয় কর্মকর্তা যারা সাব-জজ বা তদুর্ধ্ব বিচারক হয়েছেন এবং যারা ১৫ বছর প্রশাসনিক দায়িত্ব পালন করেছে তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।
১১. এ পর্যন্ত যারা বিভিন্ন ট্রেড ইউনিয়নের বা সিবিএ'র সভাপতি বা সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন তাদের সম্পদের হিসেব নেয়া প্রয়োজন।



লিবারেল পার্টি বাংলাদেশ
Liberal Party Bangladesh
www.liberalbd.org



আর এ সকল সম্পদের হিসেব নেয়ার জন্য সরকারকে একটি গেজেট নোটিফিকেশন করলেই চলবে।

গেজেট আদেশটিতে স্বাক্ষর করবেন রাষ্ট্রপতি। আর রাষ্ট্রপতির পক্ষে এটি জারী করবেন দুর্নীতি দমন কমিশনের সচিব। আদেশটি সিদ্ধান্ত আকারে সুপারিশ করবে দুর্নীতি দমন কমিশন।

আদেশে সবাইকে গেজেট প্রকাশের ৩০ দিনের মধ্যে স্থানীয় দুদক কর্মকর্তার দপ্তরে সবাইকে রেজিস্ট্রি ডাক যোগে বা শরীরে উপস্থিত হয়ে জমা দিতে বলা হবে।

সম্পদের বিবরণীর সাথে সবাইকে একটি হলফনামা জমা দিতে হবে এবং নিজে বা আইনজীবির মাধ্যমে এ সম্পদের হিসেব তৈরী করা যাবে এবং জমা দেয়া যাবে।

কারো কোন বিশেষ সমস্যা থাকলে স্থানীয় দুদক কর্মকর্তার কাছে আবেদন করতে হবে, তিনি দুদক প্রধান কার্যালয়ের সাথে পরামর্শ সাপেক্ষে সময়ের আবেদন মঞ্জুর করবেন।

কোন ব্যক্তি ইতিমধ্যে মৃত্যুবরণ করলে তার উত্তরাধিকারগন যৌথভাবে বর্তমান সম্পদের হিসেব দাখিল করবেন। তবে উত্তরাধিকারীগন নিজেই বর্তমানে এই আদেশের আওতাধীন থাকলে তাকে মৃত পিতা বা মাতার সম্পদের হিসেব দিতে হবে না, তবে একটি অতিরিক্ত হলফনামা জমা দিতে হবে এই মর্মে যে তার পিতা/মাতা ইন্তেকাল করেছেন এবং তিনি নিজেই নিজের বর্তমান যোগ্যতাবলে নিজের সম্পদের হিসেব প্রদানের জন্য যোগ্য বিবেচিত। তাই পিতা/মাতার সম্পদের হিসেব প্রদান করা হলো না।

এমুহুর্তে একাজটি করতে ব্যর্থ হলে জাতি কখনোই দুর্নীতিবাজ মুক্ত হবে না। দুর্নীতিমুক্ত একটি দেশের স্বপ্ন স্বপ্নই থেকে যাবে আর ভবিষ্যতের দুর্নীতিবাজদের চেহারা হবে আরো সর্বগ্রাসী আর ভয়ংকর। ভবিষ্যত প্রজন্মের জন্য বাংলাদেশ আর থাকবেনা বাসযোগ্য, আমাদের উচিত তাদের সেই অনাগত ভবিষ্যতকে সুন্দর ও



লিবারেল পার্টি বাংলাদেশ
Liberal Party Bangladesh
www.liberalbd.org



নিরাপদ করে যাওয়া। দুর্নীতিবাজদের বিষদাত ভেংগে দেয়া। দুর্নীতিবাজদের জন্য কোন মানবাধিকার নয়। আর দুর্নীতিবাজদের পক্ষে যারা কথা বলে তারা আরো বড় দুর্নীতিবাজ। জাতির উচিত এদের ঘৃণা করা।

জাতিকে মনে রাখতে হবে দুর্নীতির বিরুদ্ধে লড়াই একটি যুদ্ধ,
আর সকল যুদ্ধেই কোন না কোন ত্যাগ স্বীকার করতে হয়,
নইলে স্বাধীনতা আসেনা বা স্বাধীনতা রক্ষাও হয়না।

শেখ মহিউদ্দিন আহমেদ
পার্টি লিডার